

রেজিস্টার্ড নং ডি এ-১



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শুক্রবার, এপ্রিল ১০, ২০২৬

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৭ চৈত্র, ১৪৩২/ ১০ এপ্রিল, ২০২৬

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ২৭ চৈত্র, ১৪৩২ মোতাবেক ১০ এপ্রিল, ২০২৬ তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

২০২৬ সনের ২২ নং আইন

শেখ রাসেল পল্লী উন্নয়ন একাডেমি, রংপুর আইন, ২০২৩ এর সংশোধনকল্পে প্রণীত  
আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে শেখ রাসেল পল্লী উন্নয়ন একাডেমি, রংপুর আইন, ২০২৩ (২০২৩ সনের ২৩ নং আইন) এর সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন শেখ রাসেল পল্লী উন্নয়ন একাডেমি, রংপুর (সংশোধন) আইন, ২০২৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। ২০২৩ সনের ২৩ নং আইনের পূর্ণাঙ্গ শিরোনাম এর সংশোধন।—শেখ রাসেল পল্লী উন্নয়ন একাডেমি, রংপুর আইন, ২০২৩ (২০২৩ সনের ২৩ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর পূর্ণাঙ্গ শিরোনামে উল্লিখিত “শেখ রাসেল” শব্দগুলি বিলুপ্ত হইবে।

(১৫৭৮১)

মূল্য : টাকা ৪.০০

৩। ২০২৩ সনের ২৩ নং আইনের ধারা ১ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ১ এর উপ-ধারা (১) এ উল্লিখিত “শেখ রাসেল” শব্দগুলি বিলুপ্ত হইবে।

৪। ২০২৩ সনের ২৩ নং আইনের ধারা ৩ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ৩ এর উপ-ধারা (১) এ উল্লিখিত “শেখ রাসেল” শব্দগুলি বিলুপ্ত হইবে।

৫। ২০২৩ সনের ২৩ নং আইনের ধারা ৭ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ৭ এর উপ-ধারা (১) এর—

(ক) দফা (ত) এ উল্লিখিত “শেখ হাসিনা” শব্দগুলি বিলুপ্ত হইবে; এবং

(খ) দফা (ন) এ উল্লিখিত “শেখ রাসেল” শব্দগুলি বিলুপ্ত হইবে।

৬। বিশেষ বিধান।—এই আইন প্রবর্তনের সঙ্গে সঙ্গে উক্ত আইনের অধীন প্রণীত কোনো বিধি, প্রবিধান বা অন্য কোনো আইনগত দলিল বা জারীকৃত কোনো বিশেষ বা সাধারণ আদেশ, বিজ্ঞপ্তি, প্রজ্ঞাপন বা সম্পাদিত কোনো দলিলে, প্রসঙ্গের প্রয়োজন অন্যরূপ না হইলে, উল্লিখিত “শেখ রাসেল” শব্দগুলি বিলুপ্ত হইবে।

৭। রহিতকরণ ও হেফাজত।—(১) শেখ রাসেল পল্লী উন্নয়ন একাডেমি, রংপুর (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ (২০২৫ সনের ০৬ নং অধ্যাদেশ) এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, রহিত অধ্যাদেশের অধীন কৃত কোনো কার্য বা গৃহীত কোনো ব্যবস্থা এই আইনের অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

ব্যারিস্টার মোঃ গোলাম সরওয়ার ভূঁইয়া

সচিব।